# তথ্য, পরিকল্পনা ও বাজেট বই



## উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও



ডিসেম্বর’ ২০১৪ খ্রিঃ

# তথ্য, পরিকল্পনা ও বাজেট বই

উপজেলা পরিষদ

হরিপুর, ঠাকুরগাঁও ।

**উপদেষ্টাঃ**

জনাব আলহাজ্ব মোঃ দবিরুল ইসলাম
জাতীয় সংসদ সদস্য ৪-ঠাকুরগাঁও-২
ও
সভাপতি
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ।

**সার্বিক সহযোগীতায়ঃ**

জনাব মো: নুরুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ. হরিপুর, ঠাকুরগাঁও ।

জনাব মোছাঃ নাজমা পারভীন
উপজেলা ভাইস চেয়ারম্যান(মহিলা), হরিপুর, ঠাকুরগাঁও ।

জনাব মোঃ রফিকুল ইসলাম
উপজেলা ভাইস চেয়ারম্যান, হরিপুর, ঠাকুরগাঁও ।

**সম্পাদনায়ঃ**

মোঃ নাজমুল হুদা
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও ।

**তথ্য সংগ্রহঃ**

জনাব সৈয়দ সুজা মিঞা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব মোঃ জাকিরুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব মোঃ আসাদুজ্জামান বাবু, সাবেক উপজেলা চেয়ারম্যান, হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব মোঃ দেলোয়ার হোসেন মানিক, URT সদস্য হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব মোঃ মইনুল হক, স্টেনোটাইপিস্ট, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও ।

**কম্পোজঃ**

জনাব মোঃ মইনুল হক, স্টেনোটাইপিস্ট, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব মোঃ রাফসান জনি, টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও ।

**সহযোগিতা ও প্রকাশনায়ঃ**

জনাব মোঃ শামীম, উপজেলা কৃষি অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব মোঃ জাকিরুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব সৈয়দ সুজা মিঞা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব মোঃ মোতাহার হোসেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব মোহাম্মদ আব্দুল জব্বার, উপজেলা শিক্ষা অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও ।
জনাব মোঃ মইনুল হক, স্টেনোটাইপিস্ট, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও ।

**কারিগরী সহযোগীতায়ঃ**

উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট (ইউজেডজিপি), ও
উপজেলা প্রশাসন, হরিপুর, ঠাকুরগাঁও ।

**আর্থিক সহযোগিতায়ঃ**

উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট (ইউজেডজিপি),

**প্রকাশকালঃ**

ডিসেম্বর'২০১৪ খ্রিঃ

**কম্পোজঃ**

মোঃ মইনুল হক, স্টেনোটাইপিস্ট, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও ।
মোঃ রাফসান জনি, টেকনিশিয়ান, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও ।

**মুদ্রণেঃ**

কালার অফসেট প্রেস, রংপুর, ০১৭১৬ ৪৪৬০১১, ০১১৯৭১২৩৪৯০ ।



# মূখবন্ধ

হরিপুর উপজেলা পরিষদের তথ্য পরিকল্পনা ও বাজেট বই উপজেলার যাবতীয় তথ্য সম্পদ, উন্নয়ন, পরিকল্পনা ও বাজেটসহ সার্বিক বিষয়ের একটি অনুপম চিত্র। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপজেলা গভন্যান্স প্রজেক্ট (ইউজেডজিপি) এর আওতায় এই তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। এই মহতী উদ্যোগ উপজেলা পরিষদ ও সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্ঠায় হরিপুর উপজেলার উন্নয়নে সহায়ক ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

উন্নয়ন কর্মসূচীতে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর অংশগ্রহণ ও মতামত প্রদানের বিষয়টি খুবই ইতিবাচক ও যুগোপযোগী। জনগণের চাহিদা ভিত্তিক উন্নয়ন কর্মসূচী গ্রহণ করার জন্য বিকেন্দ্রীভূত প্রশাসনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। জনগনের চাহিদা অনুযায়ী সেবা নিশ্চিত করার মাধ্যমে তাদের জীবনমানের ইতিবাচক পরিবর্তন নিশ্চিত করা সম্ভব। স্থানীয় সরকারের নির্বাচিত জনপ্রতিনিধি সরকারি কর্মকর্তা/কর্মচারী এবং সেবা প্রদানকারী সংস্থাগুলো একত্রে কাজ করলে জনগনের চাহিদা অনুযায়ী বিভিন্ন উন্নয়ন কর্মসূচী গ্রহণ ও বাস্তাবায়ন সম্ভব। হরিপুর উপজেলার গ্রামীণ জনগোষ্ঠীর স্বাস্থ্য, শিক্ষা, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন, রাস্তা-ঘাট ও অবকাঠামোগত উন্নয়নে এবং পশ্চাৎপদ এই উপজেলার দরিদ্র জনগোষ্ঠীর জীবন যাত্রার মান উন্নয়নের ক্ষেত্রে একটি কার্যকরী, সুচারু পরিকল্পনা ও জনপ্রত্যাশাকে সামনে রেখে হরিপুর উপজেলা পরিষদের সম্পদের সর্বত্তম ব্যবহার নিশ্চিত করণের লক্ষ্যে হরিপুর উপজেলা পরিষদ ইতোমধ্যে তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। যার ফলে স্থানীয় উন্নয়ন ত্বরান্বিত ও বেগবান হবে এবং হরিপুর উপজেলা একটি আদর্শ ও উন্নত উপজেলা হিসেবে আত্নপ্রকাশ করতে সক্ষম হবে।

মাননীয় সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর, স্থানীয় সরকার বিভাগ ও জাতীয় প্রকল্প পরিচালক(ইউজেডজিপি), পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয়ের দিক নির্দেশনা এই তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রকাশের মূল নিয়ামক হিসাবে কাজ করেছে। নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রমের জন্য উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়, হস্তান্তরিত, অহস্তান্তরিত ও অন্যান্য বিভাগীয় কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, অত্র উপজেলায় কর্মরত সকল এন.জি.ও, ব্যাংক এবং সুশীল সমাজের ব্যক্তিবর্গসহ যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এই মহতি উদ্যোগ বাস্তাবায়নে সহযোগিতা করেছেন তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করাছি।

পরিশেষে হরিপুর উপজেলা পরিষদের তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়নের ক্ষেত্রে সাধ্যমত প্রচেষ্ঠা নেয়া হয়েছে সঠিক তথ্য উপস্থাপনের জন্য। এতদ্বসত্বেও আমাদের জ্ঞানের সীমাবদ্ধতার কারণে যদি অনিচ্ছাকৃত তথ্যের ঘাটতি ও ভূল তথ্য থেকে যায় সে জন্য আমরা ক্ষমাপ্রার্থী। এ ব্যাপারে মূল্যবান পরামর্শ ও মতামত থাকলে তা জানানোর জন্য অনুরোধ করছি। এই তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রকাশনার মাধ্যমে হরিপুর উপজেলা পরিষদের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে হরিপুর উপজেলা বাসীর জীবন যাত্রার মান উন্নয়নে সহায়ক হলেই আমাদের এই উদ্যোগ সার্থক হবে।

মোঃ নুরুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও।



# বাণী

উপজেলা গর্ভন্যান্স প্রজেক্টের আওতায় সারা বাংলাদেশেই উপজেলা পরিষদসমূহ উন্নয়ন পরিকল্পনা হাতে নিয়েছে। তারই অংশ হিসাবে ঠাকুরগাঁও জেলার অন্তর্গত হরিপুর উপজেলা পরিষদ তাঁর সকল উন্নয়ন কর্মকান্ডের উপর উপজেলা গভর্ন্যান্স প্রজেক্টের আওতায় উন্নয়ন পরিকল্পনা (২০১৪-২০১৫) প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করেছে জেনে আমি খুবই আনন্দিত।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, জাতির পিতা বঙ্গ বন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবায়ন করতে হলে গ্রামীণ জনগণের জীবনযাত্রার মান উন্নয়ন করা আবশ্যক। আর সেই লক্ষ্যেই বর্তমান প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার গ্রাম-বাংলার জনগণের জীবনযাত্রার মান উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। তারই অংশ হিসেবে সরকার জনপ্রত্যাশার উপর ভিত্তি করে সেবা সরবরাহের জন্য ২০০৯ সালে উপজেলা পরিষদ পুনরায় কার্যকর করেছে। আমার বিশ্বাস উপজেলা পরিষদের নিজস্ব সম্পদ ও উপজেলা পর্যায়ের জাতি গঠনমূলক বিভাগসমূহকে একই পরিকল্পনার আওতায় এনে সেবা-কার্যক্রমের দ্বৈততা রোধ এবং সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে জনগণের জীবনমানের উন্নয়নের পথ সুগম হবে।

অংশীদারিত্বমূলক পদ্ধতিতে তৃণমূল পর্যায়ে জনগণের মতামত নিয়ে চাহিদা নির্ণয়পূর্বক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন জনগণের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করে হরিপুর উপজেলার উন্নয়ন (২০১৪-২০১৫) পরিকল্পনা প্রণয়নে উপজেলার নির্বাচিত জনপ্রতিনিধি এবং বিভিন্ন বিভাগ/মন্ত্রণালয়ের যে উদ্যোগ লক্ষ্য করেছি তাতে আমার প্রত্যাশা জন্মেছে যে, হরিপুর একটি আদর্শ উপজেলায় পরিণত হবে এবং সরকারের 'রূপকল্প ২০২১' বাস্তবায়নে সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করবে বলে আমি দৃঢ় আশাবাদ ব্যক্ত করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবি হোক।

(আলহাজ্ব মোঃ দবিরুল ইসলাম)
মাননীয় সংসদ সদস্য
৪ ঠাকুরগাঁও-২
ও
সভাপতি
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পকির্ত সংসদীয় স্থায়ী কমিটি



## বাণী

বাংলাদেশের সামগ্রীক উন্নয়নের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালী করতে বিশেষতঃ উপজেলা পরিষদকে শক্তিশালী করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট (ইউজেডজিপি) কাজ করে যাচ্ছে। প্রকল্পটি পরিষদের সার্বিক কার্যক্রমে জনসম্পৃক্ততা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং স্বল্প ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রনয়নে সহায়তা দিচ্ছে। এরই ধারাবাহিকতায় হরিপুর উপজেলা পরিষদ 'তথ্য, পরিকল্পনা ও বাজেট বই' প্রকাশনার উদ্যোগ গ্রহণ করেছে। এই উদ্যোগকে আমি স্বাগত জানাই।

'তথ্য, পরিকল্পনা ও বাজেট বই' প্রকাশনার মাধ্যমে উপজেলা পরিষদ এর কার্যক্রমে জনসম্পৃক্ততা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও পরিকল্পনা প্রণয়নে এক ধাপ এগিয়ে যাবে। যাদের শ্রম ও মেধায় বই প্রকাশিত হচ্ছে তাদেরকে জানাই অশেষ ধন্যবাদ।

হরিপুর উপজেলার 'তথ্য, পরিকল্পনা ও বাজেট বই' অনুযায়ী উপজেলার বাস্তব উন্নয়ন ঘটবে বলে আশা করি।

**মুহাম্মদ দিলোয়ার বখত**
(অতিরিক্ত সচিব)
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর।



## বাণী

উপজেলা পরিষদ আইন ১৯৯৮ এর ৩৮ ধারা এবং উপজেলা পরিষদ বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা ২০১০ এর বিধি মোতাবেক পঞ্চবার্ষিকী পরিকল্পনা ও বাজেট প্রণয়ন উপজেলা পরিষদের অন্যতম উল্লেখযোগ্য কাজ। উপজেলা পরিষদের ভূমিকা আরও জোরদার করার লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের চলমান উপজেলা গভর্ন্যান্স প্রজেক্ট(UZGP) কর্তৃক আর্থিক ও কারিগরি সহায়তায় হরিপুর উপজেলার তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং বইটি প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

তথ্য পরিকল্পনা ও বাজেট বইটিতে হরিপুর উপজেলার হস্তান্তরিত ও অহস্তান্তরিত বিভাগসমূহের তথ্য ও পরিকল্পনা, স্থানীয় এন.জি.ও, ব্যাংক, সুশীল সমাজের প্রতিনিধিদের মতামত ও পরামর্শ গ্রহনের মাধ্যমে সার্বিক তথ্যাবলী অন্তর্ভূক্ত করা হয়েছে যা অন্যান্য উপজেলা পরিষদ পর্যায়ে অনুসরনীয় দৃষ্টান্ত হতে পারে।

তথ্য, পরিকল্পনা ও বাজেট বইটি প্রণয়নের সাথে যাঁরা সরাসরি ও নেপথ্যে থেকে সহযোগিতা ও মূল্যবান মতামত প্রদান করেছেন তাঁদের সবাইকে আমার আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি এবং সকলের সম্মিলিত এই প্রয়াসের সাফল্য কামনা করছি।

**মিনু শীল**
পরিচালক(যুগ্ম-সচিব)
স্থানীয় সরকার
রংপুর বিভাগ, রংপুর।



## বাণী

তথ্যপ্রযুক্তি ব্যবহার নিশ্চিত কল্পে সরকারি সেবাকে জনগণের দোরগোড়ায় পৌছানোসহ স্থানীয় সরকার ব্যবস্থা সম্পর্কে জনগনকে অবগত করার লক্ষে সরকার ঘোষিত রুপকল্প ২০২১ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে স্বত:স্ফুর্তভাবে হরিপুর উপজেলা পরিষদ কার্যকর ভূমিকা পালন করছে। বর্তমান সরকার স্থানীয় সরকার বিভাগের আওতায় উপজেলা গভর্ন্যান্স প্রজেক্টের সহায়তায় উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সম্পদের সীমাবদ্ধতার কারনে উপজেলা পর্যায়ে জনগনের চাহিদা মাফিক সেবা প্রদান করা অনেক ক্ষেত্রে সম্ভব হয় না। তাই উপজেলা পরিষদ এর নিজস্ব তহবিল, সরকারি অনুদান, বরাদ্দ এবং বিভিন্ন বিভাগের সম্পদসমূহ একটি দীর্ঘ মেয়াদী পরিকল্পনার আওতায় আনা হলে জনগন কাঙ্খিত সেবা পাবে এবং উন্নয়নের গতি আরো ত্বরান্বিত হবে।

ঠাকুরগাঁও জেলার হরিপুর উপজেলা পরিষদের তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রনয়ণ হচ্ছে জেনে আমি আন্তরিকভাবে খুশি হয়েছি। আমি আশা করি, উপজেলা গর্ভন্যান্স প্রজেক্ট হরিপুর উপজেলায় স্থানীয় সমস্যা চিহ্নিতকরণ, সম্পদ ও প্রযুক্তির সমন্বয় সাধন এবং সরকারি-বেসরকারি অংশীদারিত্ব নিশ্চিতকরণের মাধ্যমে প্রতিটি স্তরে কাঙ্খিত সাফল্য অর্জনে সক্ষম হবে।

আমি হরিপুর উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রকাশনায় সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

**মুকেশ চন্দ্র বিশ্বাস**
জেলা প্রশাসক
ঠাকুরগাঁও।



# বাণী

স্থানীয় সরকার কাঠামোর শক্তিশালীকরণ এবং এ ব্যবস্থাকে একটি উন্নয়নমুখী, সেবাধমী ও কার্যকর প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে সরকার দৃঢ়প্রতিজ্ঞ। উপজেলা পরিষদকে কার্যকর, সেবাদানকারী ও প্রশাসনিক সমন্বয়ের কেন্দ্রবিন্দু হিসাবে গড়ে তুলতে হলে প্রয়োজন পরিষদ সম্বলিত সকল আইন-কানুন, সরকারি আদেশ, নির্দেশগুলো সম্পর্কে স্বচ্ছ একটি ধারণা।

বর্তমানে স্থানীয় সরকার বিভাগের উপজেলা গর্ভন্যন্স প্রকল্পের মাধ্যমে হরিপুর উপজেলার তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রকাশের এ উদ্যোগকে আমি আন্তরিকভাবে স্বাগত জানাই।

হরিপুর উপজেলার তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়নের উদ্যোগ স্থানীয় সরকারের কার্যক্রমকে আরো গতিশীল করবে বলে আমার বিশ্বাস।

**মোঃ মনজুর আলম প্রধান**
উপ-পরিচালক, স্থানীয় সরকার, ঠাকুরগাঁও
ও
অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)
ঠাকুরগাঁও।



# হরিপুরের স্বপ্ন

উপজেলা পরিষদ বাংলাদেশের স্থানীয় সরকার কাঠামোতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে প্রযুক্তির মাধ্যমে সকল পর্যায়ের সেবাসমূহ সঠিক সময়ে জনগণের দোরগোড়ায় পৌছানো, সরকার ব্যবস্থা সম্পর্কে সর্বস্তরের জনগনকে অবহিত করার লক্ষ্যে এবং বিশ প্রতিযোগিতায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে হরিপুর উপজেলা পরিষদ কার্যকর ভূমিকা করছে। বর্তমান সরকার স্থানীয় সরকার বিভাগের আওতায় উপজেলা গভর্ন্যান্স প্রজেক্টের সহায়তায় উপজেলা পরিষদের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উপজেলার অপ্রতুল সম্পদ, অপর্যাপ্ত নিজস্ব তহবিল, বিভিন্ন বিভাগের সীমাবদ্ধ সরকারি স্বল্প বে-সরকারি উদ্যোগ ও সহায়তা ইত্যাদি নানাবিধ প্রতিবন্ধকতার কারনে জনগনের ক সেবা প্রদান করা ক্ষেত্র-বিশেষে সম্ভব হয় না। সেক্ষেত্রে এ উপজেলাকে আধুনিকীকরণ প্রয়াসে উন্নয়ন কার্যক্রমসহ সামগ্রিক দিকসমূহ একটি দীর্ঘ মেয়াদী পরিকল্পনার আওতায় হলে জনগনের কাঙ্খিত সেবা, মান সম্মত শিক্ষার প্রসার, নারী উন্নয়ন, দারিদ্র বি সামাজিক সচেতনতাবোধ বৃদ্ধি, অবকাঠামোগত উন্নয়ন, ডিজিটাল প্রযুক্তির সঠিক বাস্ত আইনের প্রতি শ্রদ্ধাবোধ এবং পারস্পারিক বিশ্বাস ও কর্মস্পৃহা আরো বৃদ্ধি পাবে।

উপজেলা গর্ভন্যান্স প্রকল্পের সহযোগিতায় হরিপুর উপজেলা পরিষদের তথ্য, পরিকল্প বাজেট বই প্রণয়নে সহায়তার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ। তথ্য, পরিক বাজেট বই প্রণয়নের এ উদ্যোগ সরকারের ভিশন-২০২১ বাস্তবায়নে সহায়ক ভূমিকা করবে এবং হরিপুর উপজেলার উন্নয়ন কার্যক্রমসহ সামগ্রিক কার্যক্রম আরো বেগবান করে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

মোঃ নাজমুল হুদা
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও



# আমাদের প্রত্যাশা

বাংলাদেশ সরকার উপজেলা পরিষদকে স্থানীয় সরকার ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে ফলপ্রসু করতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় মানসম্মত সেবা জনগণের দোর গোড়ায় পৌছে দেয়ার দৃঢ় অঙ্গিকার নিয়ে উপজেলা পরিষদের কার্যক্রম পরিচালিত হচ্ছে। উপজেলা পরিষদের উদ্যোগে উপজেলা গভর্নেন্স প্রজেক্ট ও উপজেলা প্রশাসন, হরিপুর এর সহযোগীতায় উপজেলা পরিষদের তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রকাশিত হতে যাচ্ছে। হরিপুর উপজেলা পরিষদের একজন নির্বাচিত জনপ্রতিনিধি হিসাবে আমি নিজেকে গৌরবান্বিত ও ধন্য মনে করছি। উপজেলার নারী সমাজের আর্থ সামাজিক উন্নয়নে নিজেকে নিবেদিত কর্মী হিসাবে গড়ে তোলার প্রচেষ্টা অব্যাহত রেখেছি। নারী বঞ্চনার তিক্ত অতীত পেরিয়ে সকলের ঐকান্তিক প্রচেষ্টায় হরিপুর উপজেলা পরিষদ একটি মডেল উপজেলা পরিষদ হবে এ আশা ব্যক্ত করছি।

পরিশেষে হরিপুর উপজেলা পরিষদের তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়ন ও বাস্তবায়নের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাই। আল্লাহ হাফেজ।

মোছাঃ নাজমা পারভীন
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও



## যা দেখতে চাই

উপজেলা পরিষদ স্থানীয় সরকার কাঠামোতে একটি গুরুত্বপূর্ণ স্তর। জনগনের চাহিদা ভিত্তিক (*Demand Based*) সেবা সরবরাহ প্রদানে উপজেলা পরিষদ কার্যকর ভূমিকা পালন করে থাকে। যে কোন উপজেলার সুষ্ঠু পরিকল্পনা ছাড়া কোন কাজই সুন্দরভাবে করা সম্ভব নয়। একটি সুষ্ঠু পরিকল্পনা এবং তার যথাযথ বাস্তবায়নের ওপর কাজের সফলতা নির্ভর করে। আমাদের অনেক সীমাবদ্ধতার মধ্যেও উপজেলা পরিষদের স্থায়ী কমিটি সমূহকে অধিকতর কার্যকরী করে উপজেলার আইন-শৃঙ্খলার উন্নতি সাধন, প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মান উন্নয়ন, যোগাযোগ ও ভৌত অবকাঠমোগত উন্নয়ন, স্বাস্থ্য ও স্যানিটেশন, সমাজসেবা, দারিদ্র দূরীকরণের উপর অধিক গুরুত্বারোপের মাধ্যমে উপজেলা পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা ও জনপ্রতিনিধি জনস্বার্থে এর প্রায়োগিক ভূমিকা নিশ্চিত করলে এ পরিকল্পনার সফল বাস্তবায়ন সম্ভব হবে।

হরিপুর উপজেলা পরিষদকে কার্যকর করার লক্ষ্যে তথ্য, পরিকল্পনা ও বাজেট বই প্রণয়নে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিবাদন।

মোঃ রফিকুল ইসলাম
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও